

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
বাহুবল, হবিগঞ্জ।

স্মারক নং- উমবিঅ/বাহু/ভিডব্লিউবি/২০২৩/১৭৫

তারিখ : ০৫/০২/২০২৩ খ্রি.

বিষয় : ২০২৩-২০২৪ ভিডব্লিউবি চক্র উপকারভোগী মহিলাদের ১০/- টাকায় ব্যাংক হিসাব খোলা ও সঞ্চয়ের অর্থ জমা প্রসঙ্গে।

সূত্র : ৩২.০১.০০০০.০০৮.১৮.০১২.১৯.১৩, তারিখ- ০২/০২/২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ ভিডব্লিউবি চক্র উপকারভোগী মহিলাদের খাদ্য সহায়তার পাশাপাশি মহিলাদের আত্মনির্ভরশীল হিসেবে গড়ে তোলার লক্ষ্যে মাসিক সঞ্চয়ের অর্থ জমার বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা পাওয়া গিয়েছে।

১। প্রত্যেক উপকারভোগীর নামে নিকটস্থ ব্যাংক শাখায় ব্যাংক হিসাব খুলতে হবে এবং সঞ্চয়ের টাকা জমা দিতে হবে। খাদ্য বিতরণের সময় প্রতি মাসে সঞ্চয়ের অর্থ জমা করার রশিদ প্রদর্শনের মাধ্যমে চাল (খাদ্য) বিতরণ করতে হবে।

২। চলমান ২০২৩-২০২৪ চক্রের ভিডব্লিউবি উপকারভোগী মহিলাদের যেহেতু জানুয়ারী/২৩ মাসের সঞ্চয়ের অর্থ জমা করা হয়নি সেহেতু ফেব্রুয়ারী/২৩ মাসে দুইটি ভিন্ন ভিন্ন তারিখে জানুয়ারী/২৩ ও ফেব্রুয়ারী/২৩ মাসের চাল বিতরণের পূর্বে প্রতি মাসে ২২০/- টাকা হিসাবে দুই মাসে মোট ৪৪০/- টাকা সকল উপকারভোগীর নিজ নামীয় ব্যাংক হিসাবে জমা করবেন।

৩। ভিডব্লিউবি কার্ডের নির্দিষ্ট কলামে ব্যাংকের নাম, শাখার নাম ও ব্যাংক হিসাব নম্বর উল্লেখ না থাকলে উপকারভোগীকে ভিডব্লিউবি কার্ড সরবরাহ করা হবে না।

উপরোক্ত নির্দেশনা মোতাবেক আগামী ২৭/০২/২০২৩ খ্রি. তারিখের মধ্যে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রাপক,

চেয়ারম্যান

..... ইউনিয়ন পরিষদ
বাহুবল, হবিগঞ্জ।

রেহানা বেগম
০৫.০২.২০২৩
(মোসাম্মৎ রেহানা বেগম)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
বাহুবল, হবিগঞ্জ।

স্মারক নং- উমবিঅ/বাহু/ভিডব্লিউবি/২০২৩/

তারিখ :

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাহুবল।
- ২) উপজেলা নির্বাহী অফিসার, বাহুবল।
- ৩) উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, হবিগঞ্জ।
- ৪) ট্যাগ অফিসার, কর্মকর্তা, বাহুবল।
- ৫) অফিস কপি।

(মোসাম্মৎ রেহানা বেগম)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
বাহুবল, হবিগঞ্জ।